# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।

তারিখ: ১২ সেপ্টেম্বর ২০২২

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ৩১তম (২০২২-২০২৩ অর্থ বছরের ২য়) সভার কার্যবিবরণী।**

ইনোভেশন কমিটির নিয়মিত ৩১তম (২০২২-২০২৩ অর্থ বছরের ২য়) সভাটি ০৭ সেপ্টেম্বর ২০২২ তারিখ বুধবার সকাল ১০:০০ ঘটিকায় এবং ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখ সোমবার সকাল ৯:০০ ঘটিকায় সংস্থার পরিচালক (কারিগরি ও প্রকৌশল) এবং ইনোভেশন অফিসার জনাব মোঃ মনিরুল ইসলাম এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২ | জনাব এ বি এম ফেরদৌস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩ | জনাব এস. এম. সোহেল আহাম্মদ | হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪ | জনাব মোহাম্মদ জাকির হোসেন | কর্মচারী প্রধান এবং সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫ | মীর মনির হোসেন | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬ | প্রকৌ: আবু সাদেক তালুকদার | প্রধান প্রকৌশলি, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭ | প্রকৌশলি মোঃ আখতারুজ্জামান | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৮ | জনাব মোঃ মেফতাউল ইসলাম | অতি. প্রধান রসায়নবিদ, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৯ | জনাব ইমরান আহমেদ | উপ-ব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত ০৬ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থ বছরের ১ম (নিয়মিত ৩০তম) সভার কার্যবিবরণী উপস্থাপন করলে অন্য কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে তা গৃহীত হয়।

৩.০ সভায় এ পর্যায়ে সভাপতি মহোদয় ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন প্রতিবেদন ও এতদসংক্রান্ত তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ-কে অনুরোধ করেন।

**৪.০. আলোচনা:**

৪.১) ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, বিসিআইসি ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| ক্রম | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| ৫.১ | বিসিআইসি কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে গৃহীত বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এবং ২০২২-২০২৩ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের কর্মপরিকল্পনা শিল্প মন্ত্রণালয়ে প্রেরণের জন্য দ্রুত নথি উপস্থাপন করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বাস্তবায়িত |
| ৫.২ | উদ্ভাবনীতে সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের আরও সম্পৃক্ত করতে ২০২২-২০২৩ অর্থ বছরে ইনোভেশন কমিটি'র সদস্য সমন্বয়ে সকল কারখানা/প্রতিষ্ঠান ভ্রমণ করে ইনোভেশনের উপর প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের পরিকল্পনা তৈরি করে সে অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে। কারখানা/প্রতিষ্ঠান তাঁদের ইনোভেশন খাত থেকে এ বিষয়ক অর্থ সংস্থান করবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | চলমান |
| ৫.৩ | দিন, তারিখ ও রিসোর্স পারসন নির্ধারণ করে 4IR এর উপর কারখানা/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী সমন্বয়ে প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের জন্য পরিকল্পনা তৈরি করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | অদ্যকার সভায় সিদ্ধান্ত গৃহীত হবে |

| | | |
|---|---|---|
| ৫.৪ | শিল্প সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৫ জুন ২০২২ তারিখে বিসিআইসি এবং শিল্প মন্ত্রণালয়ের রাষ্ট্রায়ত্ত কর্পোরেশন অনুবিভাগের কর্মকর্তাদের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ১৮ নং সিদ্ধান্ত "বিসিআইসি'র ট্রেনিং ইনস্টিটিউটসহ বিসিআইসি এবং কারখানার ইন-হাউজ প্রশিক্ষণে অবশ্যই Public Procurement, Project Management এবং জাতীয় শুদ্ধাচার (NIS) নিয়ে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে"। সিদ্ধান্তটি সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ে পত্র মাধ্যমে অবহিত করতে হবে। সিদ্ধান্তের বিষয়টি বিবেচনায় রেখে ইনোভেশন কমিটি'র প্রশিক্ষণসমূহের আলোচ্যসূচী ডিজাইন করতে হবে। | বাস্তবায়িত |

৪.২) জনাব মোঃ শাহীন কামাল, পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি বলেন যে, ইনোভেশন পুরস্কারের অর্থ বৃদ্ধি করলে শ্রমিক-কর্মচারী-কর্মকর্তা এ বিষয়ে আরও উদ্বুদ্ধ হবে। প্রথমে যখন পুরস্কার ছিল না তখন এ বিষয়ে শ্রমিক-কর্মচারী-কর্মকর্তাদের মধ্যে আগ্রহ লক্ষ্য করা যায় নি। আর্থিক পুরস্কার ঘোষণা করার পর থেকে আগ্রহ অনেক বৃদ্ধি পেয়েছে। আগ্রহ ধরে রাখতে ২০২২-২০২৩ অর্থ বছর থেকে ইনোভেশন পুরস্কার ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা থেকে উন্নীত করে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের প্রস্তাব করে নথি উপস্থাপন করা যেতে পারে। আলোচ্য প্রস্তাবে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৩) সভার এ পর্যায়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বিসিআইসি প্রধান কার্যালয় এর জন্য প্রযোজ্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২২-২০২৩ এ উল্লিখিত প্রশিক্ষণসমূহ প্রধান কার্যালয় ও কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ের কর্মকর্তা সমন্বয়ে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত সিডিউল অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নার্থে আর্থিক সংশ্লিষ্টতাসহ নথি উপস্থাপন করতে ঐকমত্য পোষণ করেন।

| ক্রম | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা উল্লিখিত প্রশিক্ষণ/কর্মমালা বিষয় | অনুষ্ঠিত হওয়ার সম্ভাব্য তারিখ | সংশ্লিষ্টতা (জন) | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা | ২৯-০৯-২০২২ | ৬০ | দিনব্যাপী | নির্ধারিত লক্ষ্য অর্জন করা হবে |
| ২ | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা | ২৭-১০-২০২২ | ৬০ | দিনব্যাপী | |
| ৩ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | ২৪-১১-২০২২ | ৬০ | দিনব্যাপী | |
| ৪ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | ২৯-১২-২০২২ | ৬০ | দিনব্যাপী | |
| ৫ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | ২৬-০১-২০২৩ | ৬০ | দিনব্যাপী | |
| ৬ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | ২৩-০২-২০২৩ | ৬০ | দিনব্যাপী | |

জনাব মোঃ শাহীন কামাল, পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি বলেন যে, ডিসেম্বর ২০২২ এর মধ্যে অন্তত চারটি প্রশিক্ষণ শেষ করতে হবে এবং রিসোর্স পারসন বিষয়ে আলোচনান্তে সুনির্দিষ্ট প্রস্তাব দিতে হবে। তবে এ বিষয়ে সংস্থার চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয় চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করতে পারেন।

৪.৪) ২০২২-২০২৩ অর্থ বছরের প্রথম ধাপের উদ্ভাবনী কার্যক্রম যাচাই বাছাই এর লক্ষ্যে ২০ অক্টোবর ২০২২ তারিখ পর্যন্ত শেষ সময় দিয়ে নির্ধারিত ফরমেটে ইনোভেশন প্রস্তাব আহ্বান করে পত্র জারি করার জন্য উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৫) পরিচালক (কারিগরি ও প্রকৌশল) ও ইনোভশন অফিসার, বিসিআইসি বলেন যে, "ডিএপিএফসিএল এর ব্যাগিং প্যাকারস্কেল চ্যুট মডিফিকেশনের মাধ্যমে ব্যাগড্রপ ৬/৭ থেকে ১০/১১-এ উন্নীতকরণ" শিরোনামের ইনোভেশন পুরস্কার প্রদানে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত প্রধান প্রকৌশলি, এমটিএস বিভাগ ও মহাব্যবস্থাপক, উৎপাদন বিভাগ অনতিবিলম্বে সংস্থাধীন ডিএপিএফসিএল ভ্রমণ করে একটি প্রতিবেদন দিতে পারে। প্রতিবেদন অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সহজ হবে। এ বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৬) ইনোভেশন কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:

| ক্রম | নিয়মিত সভা | ২০২২-২৩ অর্থ বছরের সভা | তারিখ | সময় | বার |
|---|---|---|---|---|---|
| ১ | ৩২তম | ৩য় | ০৯/১১/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার |
| ২ | ৩৩তম | ৪র্থ | ০৪/০১/২০২৩ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার |
| ৩ | ৩৪তম | ৫ম | ০৮/০৩/২০২৩ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার |
| ৪ | ৩৫তম | ৬ষ্ঠ | ১০/০৫/২০২৩ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার |

৪.৭) অবসর প্রাপ্তদের সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য পরবর্তীতে ইন্টিগ্রেশনের অপশন রেখে পেনশন সফটওয়্যার মডিউল বাস্তবায়নের জন্য অবিলম্বে নথি উপস্থাপন করার বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৮) বিসিআইসি'র ইনোভেশন কমিটি কর্তৃক পরিদর্শনের জন্য দেশের মধ্যে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করা জরুরি। এ বিষয়ে প্রধান প্রকৌশলি, এমটিএস বিভাগ, বিসিআইসি ও মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ, বিসিআইসি সুনির্দিষ্ট প্রস্তাব প্রদান করতে পারে।

৪.৯) প্রধান প্রকৌশলি, এমটিএস বিভাগ, বিসিআইসি বলেন যে, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় স্ব-স্ব কারখানা/প্রতিষ্ঠানে করণীয় বিষয়ে প্রস্তাব আহ্বান করে কারখানা/প্রতিষ্ঠান বরাবরে পত্র প্রেরণ করা যেতে পারে। প্রস্তাব যাচাই বাছাই করে পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সহজ হবে। প্রস্তাবের বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.১০) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ মনিরুল ইসলাম বলেন যে, ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ধারা অব্যহত রাখতে হবে।

**৫. সভার সর্বসম্মত সিদ্ধান্তসমূহ:**

৫.১) ইনোভেশন কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:

| ক্রম | নিয়মিত সভা | ২০২২-২৩ অর্থ বছরের সভা | তারিখ | সময় | বার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ৩২তম | ৩য় | ০৯/১১/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | নির্ধারিত লক্ষ্য অর্জন করা হবে |
| ২ | ৩৩তম | ৪র্থ | ০৪/০১/২০২৩ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |
| ৩ | ৩৪তম | ৫ম | ০৮/০৩/২০২৩ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |
| ৪ | ৩৫তম | ৬ষ্ঠ | ১০/০৫/২০২৩ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.২) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বিসিআইসি প্রধান কার্যালয় এর জন্য প্রযোজ্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২২-২০২৩ এ উল্লিখিত প্রশিক্ষণসমূহ প্রধান কার্যালয় ও কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ের কর্মকর্তা সমন্বয়ে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত সিডিউল অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নার্থে আর্থিক সংশ্লিষ্টতাসহ নথি উপস্থাপন করতে হবে। রিসোর্স পারসন বিষয়ে আলোচনান্তে সুনির্দিষ্ট প্রস্তাব দিতে হবে। তবে এ বিষয়ে সংস্থার চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয় চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করতে পারেন।

| ক্রম | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা উল্লিখিত প্রশিক্ষণ/কর্মমালা বিষয় | অনুষ্ঠিত হওয়ার সম্ভাব্য তারিখ | সংশ্লিষ্টতা (জন) | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা | ২৯-০৯-২০২২ | ৬০ | দিনব্যাপী | নির্ধারিত লক্ষ্য অর্জন করা হবে |
| ২ | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা | ২৭-১০-২০২২ | ৬০ | দিনব্যাপী | |
| ৩ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | ২৪-১১-২০২২ | ৬০ | দিনব্যাপী | |
| ৪ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | ২৯-১২-২০২২ | ৬০ | দিনব্যাপী | |
| ৫ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | ২৬-০১-২০২৩ | ৬০ | দিনব্যাপী | |
| ৬ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | ২৩-০২-২০২৩ | ৬০ | দিনব্যাপী | |

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৩) ২০২২-২০২৩ অর্থ বছরের প্রথম ধাপের উদ্ভাবনী কার্যক্রম যাচাই বাছাই এর লক্ষ্যে ২০ অক্টোবর ২০২২ তারিখ পর্যন্ত শেষ সময় দিয়ে নির্ধারিত ফরমেটে ইনোভেশন প্রস্তাব আহ্বান করে পত্র জারি করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৪) ২০২২-২০২৩ অর্থ বছর থেকে ইনোভেশন পুরস্কার ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা থেকে উন্নীত করে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের প্রস্তাব করে নথি উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৫) "ডিএপিএফসিএল এর ব্যাগিং প্যাকারস্কেল চ্যুট মডিফিকেশনের মাধ্যমে ব্যাগড্রপ ৬/৭ থেকে ১০/১১-এ উন্নীতকরণ" শিরোনামের ইনোভেশন পুরস্কার প্রদানে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত প্রধান প্রকৌশলি, এমটিএস বিভাগ ও মহাব্যবস্থাপক, উৎপাদন বিভাগ অনতিবিলম্বে সংস্থাধীন ডিএপিএফসিএল ভ্রমণ করে একটি প্রতিবেদন পরিচালক (কারিগরি ও প্রকৌশল) এবং ইনোভেশন অফিসার, বিসিআইসি বরাবরে দাখিল করবেন।

বাস্তবায়নে: প্রধান প্রকৌশলি, এমটিএস বিভাগ, বিসিআইসি ও মহাব্যবস্থাপক, উৎপাদন বিভাগ, বিসিআইসি।

৫.৬) ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ তৈরি করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৭) সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য পরবর্তীতে ইন্টিগ্রেশনের অপশন রেখে পেনশন সফটওয়্যার মডিউল বাস্তবায়নের জন্য অবিলম্বে নথি উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৮) ইএমডি থেকে জায়গা বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে গঠিত কমিটির প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে আইসিটি ল্যাব বাস্তবায়নের জন্য নথি উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৯) বিসিআইসি'র ইনোভেশন কমিটি কর্তৃক পরিদর্শনের জন্য দেশের মধ্যে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করতে হবে।

বাস্তবায়নে: প্রধান প্রকৌশলি, এমটিএস বিভাগ, বিসিআইসি ও মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ, বিসিআইসি।

৫.১০) ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় স্ব-স্ব কারখানা/প্রতিষ্ঠানে করণীয় বিষয়ে প্রস্তাব আহ্বান করে কারখানা/প্রতিষ্ঠান বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩-০৯/২০২২

মোঃ মনিরুল ইসলাম
পরিচালক (কারিগরি ও প্রকৌশল)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।